কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১।

স্মারক নং- ১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০১১- ১৫০৪ তারিখঃ ৫/৯/১৬

সম্মানিত সদস্যগণের সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য গত ৩০/০৮/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি এর ৮৪তম সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ০৬ পৃষ্ঠা।

(মোঃ খায়রুল বাশার)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড
ই-মেইল:director@sca.gov.bd

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| ১। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। | সভাপতি |
| ২। বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৩। বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর। | সদস্য |
| ৪। পরিচালক (গবেষণা) বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনষ্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ৫। পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৬। পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনষ্টিটিউট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৭। পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনষ্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৮। পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৯। সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১০। মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ | সদস্য |
| ১১। পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনষ্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১২। প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। | সদস্য |
| ১৩। কটন এগ্রোনামিষ্ট, তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | সদস্য |
| ১৪। সভাপতি বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ ছিদ্দিক বাজার ১ম ফ্লোর, সিটি ষ্টেইট এনএ, জীপ কোড, ১০০০, ঢাকা। | সদস্য |
| ১৫। জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১৬। জনাব -------------------------------------------------------------------------। | |

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপিঃ

মহাপরিচালক, বীজ উইং ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০।

# জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৪ তম সভার কার্যবিবরণী

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৪ তম সভা ৩০ আগষ্ট, ২০১৬ সকাল ১০.৩০ ঘটিকায় ডঃ আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসির ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে অনুরোধ জানান। মোঃ খায়রুল বাশার, পরিচালক(ভারপ্রাপ্ত), বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড, গাজীপুর, উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। তিনি সভার শুরুতে শোকের মাসে বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি ও জাতীর জনক বঙ্গবন্ধুসহ তাঁর পরিবার ও নিকট আত্নীয়জন যারা ১৫ই আগষ্ট/১৯৭৫ এর কাল রাত্রে শাহাদাৎবরন করেন তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও আত্নার মাগফেরাত কামনা করেন। বীজ প্রত্যয়ন এজেন্সী যাতে অর্পিত দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারে সেজন্য উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দের প্রতি সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের আহবান জানান। অত:পর বিষয় ভিত্তিক আলোচ্যসূচী সভায় উপস্থাপনের জন্য জনাব মোঃ নাসির উদ্দীন, উপপরিচালক (মাননিয়ন্ত্রণ) কে অনুরোধ করেন। সভায় উপস্থিত সদস্য, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেয়া হলো।

**আলোচ্য বিষয় ১ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটির ৮৩ তম সভার কার্যবিবরণী অনুমোদন ।**

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৩ তম সভা ২৬ জুলাই, ২০১৬ সকাল ১০.৩০ ঘটিকায় ডঃ আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর আগষ্ট/ ০৩, ২০১৬ খ্রিঃ তারিখের ১৩৫৭(২০) সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যবৃন্দের নিকট বিতরণ করা হয়। অদ্য এ বিষয়ে আলোচনা শেষে সভার আলোচ্য সূচী ৪ এ ১০ম লাইনে "এ ছাড়া বাকী একটি অঞ্চল (খুলনা অঞ্চল)" এবং আলোচ্য বিষয় বিবিধ "ঘ"তে সিদ্ধান্ত " ধানের ক্যারিওভার বীজ অনুমোদন দেয়া যাবেনা" এর পরিবর্তে " সকল শ্রেণীর ধানের ক্যারিওভার বীজ অনুমোদন দেয়া যাবে না" সংশোধন করে কার্যবিবরণীটি অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত ঃ জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ৮৩ তম সভার কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে উল্লেখিত সংশোধনীসহ পরিসমর্থিত হলো।**

**আলোচ্য বিষয় ২ঃ বোরো /২০১৫-১৬ মৌসুমে হাইব্রিড ধানের ফলাফল পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ।**

জনাব মোঃ নাসির উদ্দিন, উপপরিচালক (মাননিয়ন্ত্রণ) জানান যে, বোরো/২০১৫-১৬ মৌসুমে ৩৪টি বীজ কোম্পানী/প্রতিষ্ঠান হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য মোট ৫৯টি হাইব্রিড জাতের বীজ জমা প্রদান করে (টেবিল ১ ও টেবিল-২)।

**টেবিল -১: ১ম বর্ষ - মোট ৪১ টি**

| ক্র নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | উৎস/দেশ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | নীলসাগর সীডড্স এন্ড টিস্যু কালচার লিঃ | নীলসাগর-১(Win 501) | চায়না | ১ম বৎসর |
| ২ | নীলসাগর সীডড্স এন্ড টিস্যু কালচার লিঃ | নীলসাগর-২ (Win 502) | চায়না | ১ম বৎসর |
| ৩ | এগ্রিকনসান লিমিটেড | এন. পি. এইচ (৯০৯) | ভারত | ১ম বৎসর |
| ৪ | এগ্রিকনসান লিমিটেড | এন. পি. এইচ (৯১০) | ভারত | ১ম বৎসর |
| ৫ | এ সি আই লিমিটেড | এ সি আই হাইব্রিড ধান ১০ | ফিলিপাইন | ১ম বৎসর |
| ৬ | এ্যাসেন্স ফার্মটেক লিমিটেড | এ্যাসেন্স-১(KH508) | চায়না | ১ম বৎসর |
| ৭ | এ্যাসেন্স ফার্মটেক লিমিটেড | এ্যাসেন্স-২ (KH501) | চায়না | ১ম বৎসর |
| ৮ | কৃষাণ এগ্রো সার্ভিস | "কৃষাণ মনি-১" | নিজস্ব | ১ম বৎসর |
| ৯ | আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড | দীপালী (সিআর-৮৩) | চায়না | ১ম বৎসর |
| ১০ | অটো ক্রপ কেয়ার লিমিটেড | KBP 11 (Sava 200) | ভারত | ১ম বৎসর |
| ১১ | অটো ক্রপ কেয়ার লিমিটেড | KBP 10 (Sava 300) | ভারত | ১ম বৎসর |
| ১২ | কৃষি বানিজ্য প্রতিষ্ঠান | KBP3(AVA7) | চায়না | ১ম বৎসর |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | কৃষি বানিজ্য প্রতিষ্ঠান | KBP4(AVA5) | চায়না | ১ম বৎসর |
| ১৪ | ন্যাশনাল এগ্রি কেয়ার ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড | Janakraj-1(Q-18) | চায়না | ১ম বৎসর |
| ১৫ | পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড | ট্রেজার ২৮ (Q28) | চায়না | ১ম বৎসর |
| ১৬ | পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড | ট্রেজার ১০১ (Q101) | চায়না | ১ম বৎসর |
| ১৭ | সুরভী এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড | হাইব্রিড হীরা ৮৩ (HJ-19a) | চায়না | ১ম বৎসর |
| ১৮ | মিতালী এগ্রো সীড ইন্ডাষ্ট্রিজ | হাইব্রিড হীরা-১৬ (SHD-85) | নিজস্ব | ১ম বৎসর |
| ১৯ | সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | হাইব্রিড হীরা-৮৭ (SHD-726) | নিজস্ব | ১ম বৎসর |
| ২০ | কৃষিবিদ ফার্ম লিমিটেড | কৃষিবিদ হাইব্রিড ধান-৪ | চায়না | ১ম বৎসর |
| ২১ | সিনজেন্টা বাংলাদেশ লি: | সিনজেন্টা হাইব্রিড S-1207 (NK-17508) | ভারত | ১ম বৎসর |
| ২২ | সিনজেন্টা বাংলাদেশ লি: | সিনজেন্টা হাইব্রিড S-1206 (NK-17230) | ভারত | ১ম বৎসর |
| ২৩ | রহিম আফরোজ সিআইসি এগ্রো লিমিটেড | সেরা ( CNR-6103) | চায়না | ১ম বৎসর |
| ২৪ | রহিম আফরোজ সিআইসি এগ্রো লিমিটেড | শ্রেষ্ঠ ( CNR-11) | চায়না | ১ম বৎসর |
| ২৫ | ভিশন এগ্রো | LG 92.01 | ভারত | ১ম বৎসর |
| ২৬ | ভিশন এগ্রো | LG 93.01 | ভারত | ১ম বৎসর |
| ২৭ | ব্যাবিলন এগ্রো সায়েন্স লিমিটেড | ব্যাবিলন হাইব্রীড ধান-৬ (বিজয় ৭১) | চায়না | ১ম বৎসর |
| ২৮ | গেটকো এগ্রো ভিশন লিমিটেড | SONALI (GM002) | নিজস্ব | ১ম বৎসর |
| ২৯ | লাল তীর সীড লিমিটেড | Lal Teer Hybrid dhan-11 | নিজস্ব | ১ম বৎসর |
| ৩০ | লাল তীর সীড লিমিটেড | Lal Teer Hybrid dhan-12 | নিজস্ব | ১ম বৎসর |
| ৩১ | মাহিকো বাংলাদেম সীড বাংলাদেশ লি: | MAHY-1 | ভারত | ১ম বৎসর |
| ৩২ | মাহিকো বাংলাদেম সীড বাংলাদেশ লি: | MAHY-2 | ভারত | ১ম বৎসর |
| ৩৩ | মেটাল এগ্রো লিমিটেড | HRM 1501(Agrani 15 অগ্রণী-১৫) | চায়না | ১ম বৎসর |
| ৩৪ | মেটাল এগ্রো লিমিটেড | HRM 801(Sarathi 22-সারথী -২২) | চায়না | ১ম বৎসর |
| ৩৫ | Winall Hi Tech Seed Company Ltd. | (Win-601) | চায়না | ১ম বৎসর |
| ৩৬ | Winall Hi Tech Seed Company Ltd. | (Win-606) | চায়না | ১ম বৎসর |
| ৩৭ | ব্র্যাক | ব্র্যাক হাইব্রিড ধান ১৪ (RXML-22) | ভারত | ১ম বৎসর |
| ৩৮ | এ সি আই লিমিটেড | এ সি আই হাইব্রিড ধান ১০ | চায়না | ১ম বৎসর |
| ৩৯ | Golden Barn Kingdom VPT. LTD. | C-2( Hybrid dhan) | চায়না | ১ম বৎসর |
| ৪০ | Enp Solutions Limited | Hybrid Rice Seed (F1 Seed) SL-12H | ফিলিপাইন | ১ম বৎসর |
| ৪১ | Enp Solutions Limited | Hybrid Rice Seed (F1 Seed) SL-18H | ফিলিপাইন | ১ম বৎসর |

**টেবিল -২: ২য় বর্ষ - মোট ১৮ টি ।**

| ক্র নং | কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম | জাতের নাম | উৎস/দেশ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | পেট্রোকেম এগ্রো ইন্ডাষ্ট্রিজ লিমিটেড | Pioneer 27P22) (XRA28936) | ভারত | ২য় বৎসর |
| ২ | মিতালী এন্টার প্রাইজ | SAVA4613 | ভারত | ২য় বৎসর |
| ৩ | মিতালী এন্টার প্রাইজ | SAVA 134 | ভারত | ২য় বৎসর |
| ৪ | মল্লিকা সীড কোম্পানী লিমিটেড | মল্লিকা-১ (FL-826) | চায়না | ২য় বৎসর |
| ৫ | থ্রীএস এগ্রো সার্ভিসেস লিমিটিড | SAVA-127 | ভারত | ২য় বৎসর |
| ৬ | বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট | ব্রি হাইব্রিড ধান-৫ | নিজস্ব | ২য় বৎসর |
| ৭ | কৃষি বানিজ্য প্রতিষ্ঠান | KBP2 (AVA9) | চায়না | ২য় বৎসর |
| ৮ | ন্যাশনাল এগ্রি কেয়ার ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট লিমিটেড | Bango raj (Qyou-1) | চায়না | ২য় বৎসর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | জায়েন্ট এগ্রো প্রসেসিং লিমিটেড | সুলতান (HL22) | চায়না | ২য় বৎসর |
| ১০ | নাফকো(প্রাঃ) লিঃ | নাফকো-112 (Qyou 12) | চায়না | ২য় বৎসর |
| ১১ | ইস্পাহানী এগ্রো লিমিটেড | ইস্পাহানী-৩ (IS-10) | চায়না | ২য় বৎসর |
| ১২ | ইস্পাহানী এগ্রো লিমিটেড | ইস্পাহানী-৪ (ZyHY39) | চায়না | ২য় বৎসর |
| ১৩ | সুপ্রিম সীড কোম্পানী লিমিটেড | হাইব্রিড হীরা-১৯ (PAN-809) | ভারত | ২য় বৎসর |
| ১৪ | কৃষিবিদ ফার্ম লিমিটেড | কৃষিবিদ হাইব্রিড ধান-৩ | চায়না | ২য় বৎসর |
| ১৫ | সিনজেন্টা বাংলাদেশ লিঃ | সিনজেন্টা হাইব্রিড CE0915(Syngenta S-1204) | ভারত | ২য় বৎসর |
| ১৬ | সিনজেন্টা বাংলাদেশ লিঃ | সিনজেন্টা হাইব্রিড NK5231(Syngenta S-1205) | ভারত | ২য় বৎসর |
| ১৭ | Partex Agro Limited | Partex hybrid dhan 5(HR-29) | চায়না | ২য় বৎসর |
| ১৮ | Partex Agro Limited | Partex hybrid dhan 6(HR-30) | চায়না | ২য় বৎসর |

উক্ত হাইব্রিড জাতের সাথে নির্ধারিত চেকজাতসহ চারটি সেটে বিভক্ত করে ৬টি অঞ্চলের ১২টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয়। A সেট এ (কোড নম্বর H- ১০৭৮ থেকে H-১০৯৮) ২১টি, B সেট এ (কোড নম্বর H- ১০৯৯ থেকে H- ১১১৯) ২১টি, C সেট এ (কোড নম্বর H- ১১২০ থেকে H-১১৪০) ২১টি এবং D সেট এ (কোড নম্বর H- ১১৪১ থেকে H- ১১৪৪) ৪টি মোট ৬৭টি জাতের মাঠ মূল্যায়ন সম্পন্ন করা হয়। অতপর সভায় গোপনীয় কোড উন্মুক্ত করার জন্য সভাপতি কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড মহোদয়কে পরিচালক, এসসিএ অনুরোধ জানান। সকল সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সভায় গোপনীয় কোড উন্মুক্ত করা হয় । এ বিষয়ে আলোচনার শুরুতে পরিচালক (গবেষণা) বিএসআরআই, ঈশ্বরদী বলেন যে, রংপুর অঞ্চলে চেক জাত হিসেবে ব্রিধান ২৯ এর ফলন মাত্র ৩.৪ টন হয়েছে। কিন্তু রোগবালাই রেংকিং (০) শুন্য দেখানো হয়েছে কিন্তু Remarks এর কলামেBlast disease এর উল্লেখ রয়েছে। এ ব্যপারে কমিটির অন্যান্য সদস্যবৃন্দ ট্রায়াল ফলাফলের বিশ্বাস যোগ্যতা নিয়ে সংশয় প্রকাশ করেন এবং উক্ত ট্রায়াল পুনঃ ট্রায়ালের ব্যবস্থা করার জন্য মত প্রকাশ করেন অথবা অস্বাভাবিক ফলাফল বাদ দেয়া যেতে পারে। এ ছাড়া রংপুর অঞ্চলের ট্রায়াল স্থান অন্যত্র সরিয়ে নেয়ার পক্ষে মত প্রকাশ করেন। এ ব্যপারে মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, রংপুর অঞ্চলের ট্রায়াল বিএডিসির ডোমার ফার্ম, নীলফামারী স্থাপন করা যেতে পারে। ট্রায়ালের স্থান নির্ধারনের ব্যপারে পরিচালক (গবেষণা), ব্রি ও বারি বলেন যে, তাদের রংপুরের গবেষণা খামারে ট্রায়াল স্থাপনের জন্য পর্যাপ্ত জায়গা নাই । চেক জাতের ফলন বিষয়ে কমিটির সদস্যগণ মত প্রকাশ করেন যে, হাইব্রিড ট্রায়ালে, গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক ষ্ট্যান্ডার্ড চেক জাত সমুহের দেয়া ফলনের চেয়ে ২০%কম হলে উক্ত ফলাফল গ্রহণযোগ্য হবে না। কারণ ষ্ট্যান্ডার্ড চেকের ফলন কম হওয়ায় হাইব্রিড heterosis এর পমিাণ ৫০% হতে ১৯৫% হতে দেখা গেছে, যা বিজ্ঞান সম্মত নয়। বিস্তারিত আলোচনা শেষে ১ম ও ২য় বর্ষে যে সকল কোম্পানীর/প্রতিষ্ঠানের অনফার্ম ও অনষ্টেশনে একই সাথে একাধিক অঞ্চলে ২০% বা তার অধিক heterosis পাওয়া গেছে তা প্রকাশ করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমুহ গৃহিত হয়।

**সিদ্ধান্ত ১ঃ ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনষ্টেশন ও অনফার্মে উভয়ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন তিন কিংবা তিনের অধিক স্থানে heterosis ২০% বা তার বেশী হওয়া সাপেক্ষে নিম্নবর্ণিত জাতগুলোকে সাময়িকভাবে ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলঃ**

১.১ মিতালী এন্টার প্রাইজ এর SAVA4613হাইব্রিড জাতটি ' মিতালী হাইব্রিড ধান-৩ (SAVA4613) হিসেবে ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.২ মিতালী এন্টার প্রাইজ এর SAVA134 হাইব্রিড জাতটি ' মিতালী হাইব্রিড ধান-৪ (SAVA134) হিসেবে ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৩ মল্লিকা সীড কোম্পানী লিমিটেড এর FL-826 হাইব্রিড জাতটি ' মল্লিকা হাইব্রিড ধান-৩ (FL-826) হিসেবে ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৪ বাংলাদেশ ধান গবেষণা ইনষ্টিটিউট হাইব্রিড জাতটি ব্রি হাইব্রিড ধান-৫ হিসেবে ৬টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৫ নাফকো (প্রাঃ)লিঃ এর নাফকো-১১২ (Qyou 12) হাইব্রিড জাতটি ' নাফকো হাইব্রিড ধান-২ (Qyou 12 ) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় বরিশাল, চট্টগ্রাম ও ঢাকা অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৬ ইস্পাহানী এগ্রো লিমিটেডএর IS-10 হাইব্রিড জাতটি ' ইস্পাহানী হাইব্রিড ধান-৬ (IS-10) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় রংপুর, রাজশাহী ও চট্টগ্রাম অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৭ ইস্পাহানী এগ্রো লিমিটেডএর ZyHY39 হাইব্রিড জাতটি ' ইস্পাহানী হাইব্রিড ধান-৭(ZyHY39) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় বরিশাল, রংপুর ও চট্টগ্রাম অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৮ সিনজেন্টা বাংলাদেশ লিঃ এর CE0915(Syngenta S-1204) হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান ৬ (Syngenta S-1204) হিসেবে ৫টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.৯ সিনজেন্টা বাংলাদেশ লিঃ এর NK5231 (Syngenta S-1205) হাইব্রিড জাতটি সিনজেন্টা হাইব্রিড ধান ৭ (Syngenta S-1205) হিসেবে ৪টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.১০ পারটেক্স এগ্রো লিমিটেড এর HR-29 হাইব্রিড জাতটি পারটেক্স হাইব্রিড ধান-৩ (HR-29 ) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় বরিশাল, খুলনা ও চট্টগ্রাম অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.১১ পারটেক্স এগ্রো লিমিটেড এর HR-30 হাইব্রিড জাতটি পারটেক্স হাইব্রিড ধান-৪ (HR-30 ) হিসেবে ৩টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় বরিশাল, খুলনা ও চট্টগ্রাম অঞ্চলে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

১.১২ পেট্রোকেম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর Pioneer 27P22 (XRA28936) হাইব্রিড জাতটি পেট্রোকেম হাইব্রিড ধান-৪ (Pioneer 27P22) হিসেবে ৫টি অঞ্চলে heterosis ২০% এর অধিক হওয়ায় সারা দেশে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ডে নিবন্ধনের সুপারিশ করা হলো।

শর্ত ১ ঃ প্যাকেটের গায়ে বীজ উৎপাদনের বছর ও প্যাকিং এর তারিখ উল্লেখ করতে হবে। যে অঞ্চলের জন্য নিবন্ধন দেওয়া হবে শুধুমাত্র সে অঞ্চলেই বীজ বিক্রি করতে হবে এবং প্যাকেটের গায়ে কোন অঞ্চলের জন্য নিবন্ধনকৃত তা লিখতে হবে।

শর্ত ২ ঃ যে নামে হাইব্রিড জাত নিবন্ধণ করা হবে শুধু সে নামেই (প্যাকেটের গায়ে উল্লেখপূর্বক) বাজার জাত করতে হবে। পরবর্তীতে কোন ক্রমেই অন্য বিকল্প নাম সংযোজন/পরিবর্তন করা যাবে না।

শর্ত ৩ ঃ বীজের গুণাগুণ পরীক্ষার নিমিত্তে Supplying কোম্পানীর সাথে হাইব্রিড আমদানীকারক কোম্পানীর সম্পাদিত M0U ও Port arrival report বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট সরবরাহ করতে হবে।

শর্ত ৪ ঃ জাতীয় বীজ বোর্ডের ৭৫তম সভার আলোচ্য সূচী ৫(ঘ) এর সিদ্ধান্ত অনুসরণপূর্বক কোম্পানীর নামের সাথে মিল রেখে নিবন্ধনকৃত হাইব্রিড জাতের বাণিজ্যিক নাম সংযুক্ত করে বাজারজাত করতে হবে।

শর্ত ৫ : প্রথম বছর আমদানীকে ভিত্তি ধরে পরবর্তী ০৬ (ছায়) বছরের মধ্যে কোম্পানী/ প্রতিষ্ঠানকে নিজস্ব ব্যবস্থাপনায়/Joint venture programme এর মাধ্যমে বীজ উৎপাদন করতে হবে। ৭ম বছর থেকে কোন ক্রমেই বানিজ্যিক উদ্দেশ্যে নিবন্ধিত হাইব্রিড জাতের বীজ আমদানী করা যাবে না।

**সিদ্ধান্ত ২: এখন থেকে রংপুর অঞ্চলের ধানের হাইব্রিড ট্রায়াল সমুহ বিজেআরআই এর আঞ্চলিক পাট গবেষণা কেন্দ্র রংপুরের পরিবর্তে ডোমার ফার্ম, বিএডিসি, নীলফামারীতে এবং চাষী পর্যায়ের ট্রায়াল সমুহ নিকটস্থ চাষীর জমিতে করার অনুমতি প্রদানের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।** Partex hybrid dhan5 (HR-29) Partex bybrid dhan 6 (HR-30) রংপুর অঞ্চলে ফলাফল অস্বাভাবিক হওয়ায় উহা বাতিল করা হলো।

**সিদ্ধান্ত ৩: হাইব্রিড ট্রায়ালে, গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ষ্ট্যান্ডার্ড চেক জাত সমুহের দেয়া ফলনের চেয়ে ২০% কম হলে ঐ সমস্ত ফলাফল গ্রহনযোগ্য হবে না।**

**আলোচ্য বিষয় ৩ঃ গম হাইব্রিড/২০১৫-১৬ এর এক বছরের ফলাফল প্রকাশ।**

হাইব্রিড ট্রায়াল বাস্তবায়নের জন্য Golden Barn Kingdom Pvt. Ltd. থেকে CSW006 নামে ১টি হাইব্রিড গমের বীজ নমুনা জমা প্রদান করেছে। উক্ত হাইব্রিড জাতের সাথে ১টি চেক জাত সহ মোট ২টি জাত ৫টি অঞ্চলের ১০টি স্থানে ট্রায়াল বাস্তবায়নের জন্য গোপনীয় কোড প্রদান করে প্রেরণ করা হয় (HW-03 ও HW-04 মোট ২টি)। বিভিন্ন অঞ্চলের মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব ও আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার ট্রায়াল বাস্তবায়নের ফলাফল কোড ভিত্তিক তৈরী পূর্বক পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বরাবরে প্রেরণ করেন। উক্ত মাঠ মূল্যায়ন কোড ভিত্তিক ফলাফল Compilation পূর্বক পর্যালোচনার জন্য অদ্যকার সভায় উপস্থাপন করা হয় । এবিষয়ে আলোচনা কালে পরিচালক (গবেষণা), ব্রি বলেন যে, গমের ফলাফল পর্যালোচনা করে দেখা যায় যে, অনষ্টেশনের ১টি অঞ্চলের ফলাফল ব্যতিত বাকী ১১টি স্থানেই Negative ফলাফল উল্লেখ রয়েছে। এছাড়াও খুলনা অঞ্চলে ব্লাস্ট ও ব্লাক পয়েন্ট রোগের আক্রমন পরিলক্ষিত হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, ট্রায়ালের জন্য হাইব্রিড গম আমদানী করা ঠিক হবে না। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত :** হাইব্রিড গম মূল্যায়ন ও নিবন্ধন পদ্ধতিতে চেক জাত হতে কমপক্ষে ১০% অধিক **heterosis** হওয়ার বিধান **থাকলেও অধিকাংশ স্থানে Negative heterosis হওয়ায় Golden Barn Kingdom Pvt.এর CSW006 হাইব্রিড জাতটি নিবন্ধনের জন্য সুপারিশ প্রদান না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হলো।**

**আলোচ্য বিষয় ৪ঃ বিবিধঃ ক) হাইব্রিড ট্রায়ালের সংশোধিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ বিষয়ক আলোচনা**

এ বিষয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, হাইব্রিড ধানের নিবন্ধন নীতিমালা জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভায় সংশোধন করা হয়েছে। । এ জন্য উক্ত সংশোধিত নীতিমালা সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের অনুসরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। এ বিষয়ে পরিলক্ষিত হচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠান অসম্পুর্ণ আবেদন পত্র জমা প্রদান করেন এবং প্রয়োজনীয় তথ্যাদি সঠিক ভাবে আবেদন পত্রে সংযোজন করেন না। এ বিষয়ে সকল প্রতিষ্ঠানের সহযোগীতা প্রদানের আহবান জানান। এ ছাড়া সংশোধিত পদ্ধতি অনুসরন করে হাইব্রিড জাত সমুহের ডিএনএ ফিঙ্গার প্রিন্টের ডাটা সরবরাহ করা একান্ত প্রয়োজন।

**সিদ্ধান্ত: ১. জাতীয় বীজ বোর্ডের ৮৮তম সভায় সংশোধিত হাইব্রিড ধানের মূল্যায়ন নিবন্ধন পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।**

**২. আবেদনপত্র জমাদানকালে এক বছরের নিজস্ব ট্রায়ালের ডাটা ও ডিএনএ ফিঙ্গার প্রিন্টের ডাটা অবশ্যই সংযোজন করতে হবে।**

**আলোচ্য বিষয় ৪ঃ বিবিধঃ খ) জাতীয় বীজ বোর্ডের ৮৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক ইতোমধ্যে নিবন্ধিত জাত সমুহের বর্তমান অবস্থা ও ডিনোটিফিকেশন বিষয়ক আলোচনা ।**

এ বিষয়ে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, ইতোমধ্যে নিবন্ধনকৃত হাইব্রিড ধানের জাত সমূহের বর্তমান অবস্থা পর্যালোচনার বিষয়ে জাতীয় বীজ বোর্ডের ৮৩তম সভায় সিদ্ধান্ত রয়েছে। উক্ত জাতগুলো বর্তমানে আবাদ হচ্ছে কিনা বা আবাদ হলে সেগুলোর Field Performance কেমন সে বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন ও বীজ প্রত্যয়ন এজেন্সীর সহযোগিতায় একটি প্রতিবেদন তৈরী করা যেতে পারে এবং এ বিষয়ে সিদ্ধান্তের জন্য এনএসবিতে একটি প্রতিবেদন প্রেরণ করা যেতে পারে।

**সিদ্ধান্ত : বীজ প্রত্যয়ন এজেন্সী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে একটি তালিকা প্রস্তুত পূর্বক আগামী কারিগরি কমিটির সভায় উপস্থাপন করবেন।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ খায়রুল বাশার)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য সচিব
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড
dir@sca.gov. bd

(ড. আবুল কালাম আযাদ)
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ফার্মগেট, ঢাকা
ও
চেয়ারম্যান
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড